



জাতীয় ছাত্রশক্তির সভাপতি বাকের, সম্পাদক তাহমিদ



ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সহযোগী সংগঠন জাতীয় ছাত্রশক্তির কেন্দ্রীয় কমিটির সভাপতি হয়েছেন আবু বাকের মজুমদার। সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন তাহমিদ আল মুদ্দাসসির এবং সাংগঠনিক সম্পাদক হয়েছেন আবু তৌহিদ মো. সিয়াম।

শনিবার (১২ সেপ্টেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় জাতীয় ছাত্রশক্তির প্রথম কাউন্সিল অনুষ্ঠিত হয়। কাউন্সিলের মাধ্যমে কেন্দ্রীয় নেতৃত্ব নির্বাচন করা হয়।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশক্তির সভাপতি হয়েছেন হাসিব আল ইসলাম। সাধারণ সম্পাদক হিসেবে পুনর্নির্বাচিত হয়েছেন ফেরদৌস আইয়াম। সাংগঠনিক সম্পাদক পদে দায়িত্ব পেয়েছেন মো. জহির রায়হান।

কাউন্সিলে বক্তব্য দেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা এখনো বাস্তবায়িত হয়নি। বিএনপি সরকার প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করছে না বলেও অভিযোগ করেন তিনি। তিনি আরও বলেন, সরকার স্বৈরতান্ত্রিক পথে এগোতে শুরু করেছে। গণভোটের রায় বাস্তবায়নে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

এনসিপির সদস্যসচিব আখতার হোসেন বলেন, গণভোটের রায় বাস্তবায়ন না করে সরকার সংস্কারের পথ থেকে সরে এসেছে। পিএসসিতে ভাইভার নম্বর বাড়িয়ে দলীয় লোকজনকে নিয়োগের সুযোগ তৈরি করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। শেখ হাসিনার সময়ে কোটা প্রথা ছিল উল্লেখ করে আখতার হোসেন বলেন, বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান ‘ভাইভা কোটা’ চালু করছেন।